

স্মারক নং-০৫.৫৫.৮৫২৭.০০০.০৫.০০২.২৪. ০২০৭

তারিখঃ ১১/১১/২০২৪খ্রিঃ


"এমওপি সার নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬নং গজঘন্টা ইউনিয়নের গজঘন্টা বাজারে সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গংগাচড়া, রংপুর কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনাকালীন সময় অবৈধভাবে মজুদকরণ ও কৃত্রিম সংকট সৃষ্টি প্রতিরোধ অভিযানে ১১১ (একশত এগার) বস্তা এমওপি সার জব্দ করা হয়। উক্ত জব্দকৃত এমওপি সার আগামী ১১/১১/২০২৪ তারিখ প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলাম ডাকে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানকে যথাসময়ে নিম্নে বর্ণিত নির্ধারিত স্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। নিলামের স্থান ও সময় নিম্নরূপঃ

ক্রঃ নং	জব্দকৃত সারের অবস্থান ও নিলামের স্থান	জামানত (ফেরতযোগ্য)	তারিখ	সময়	সারের পরিমাণ
০১	মেসার্স খলিলুর রহমান ট্রেডার্স গজঘন্টা বাজার, গংগাচড়া, রংপুর এর দোকান	=২০,০০০/- (বিশ হাজার) টাকা	১৪/১১/২০২৪	সকাল: ১০.০০ টা	১১১ বস্তা

:-শর্তাবলী:-

- ০১। নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে নির্ধারিত স্থানে যথাসময়ে বর্ণিত জামানত বাবদ অর্থ (ফেরতযোগ্য) জমা দিয়ে তালিকাভুক্ত হতে হবে।
- ০২। সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের সমুদয় অর্থ তাৎক্ষণিকভাবে জমা প্রদান করতে হবে। অন্যথায় তার ডাক বাতিলসহ জামানত বাজেয়াপ্ত বলে গণ্য করা হবে।
- ০৩। নিলাম ডাকের সমুদয় টাকা জমা প্রদান করে নিলামকৃত সার কার্যাদেশে বর্ণিত সময়সীমার মধ্যে অপসারণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে অপসারণ করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জব্দকৃত সারের বাস্তব অবস্থা সরেজমিন পরিদর্শন করতে হবে। নিলাম ডাকের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৫। সর্বোচ্চ নিলাম ডাককারী কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির পর সার অপসারণের সময় জনসাধারণের কোন ক্ষতি করলে কিংবা নিলামের শর্ত ভঙ্গ করলে তা ঐ জামানত হতে পরিশোধ করা হবে।
- ০৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম পরিচালনাকারী কর্মকর্তা নিলামের সর্বোচ্চ ডাককারীর ডাক/সমুদয় ডাক অনুমোদন অথবা বাতিল করতে পারবেন।


১১.১১.২০২৪

(নাহিদ তামান্না)
উপজেলা নির্বাহী অফিসার
গংগাচড়া, রংপুর

e-mail:unogangachara@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গংগাচড়া, রংপুর
www.gangachara.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫২৭.০০০.০৫.০০২.২৪. ১২০৭

তারিখঃ ১১/১১/২০২৪খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সহকারী কমিশনার (ভূমি), গংগাচড়া, রংপুর।
- ২। উপজেলা কৃষি অফিসার, গংগাচড়া, রংপুর। তাকে নিলাম ডাকের সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৩। চেয়ারম্যান, গজঘন্টা ইউনিয়ন পরিষদ, গংগাচড়া, রংপুর।
- ৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, গজঘন্টা ইউনিয়ন ভূমি অফিস, গংগাচড়া, রংপুর। তাকে নিলাম বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার এবং নিলাম স্থানে উপস্থিত থেকে নিম্নস্বাক্ষরকারীকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৫। জনাব
- ৬। অফিস কপি।


১১.১১.২০২৪
(নাহিদ তামান্না)
উপজেলা নির্বাহী অফিসার
গংগাচড়া, রংপুর